

প্রধান প্রকৌশলীর কার্যালয় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার			
স্মারক নং- ২৪৯৪	তারিখঃ- ০৬/০৬/২০	অনুমোদিতঃ- জি	
ক্র. নং:	স. গ.:	উ. বি. প্র.:	নি. স.:
			✓

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর
হিসাব শাখা-১
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
www.pwd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.৪১.০০৮.২৩.৭৯৭

তারিখ: ২২ শ্রাবণ ১৪৩০

০৬ আগস্ট ২০২৩

বিষয়: "৫টি বেসিক সেন্টারে ৫টি প্রশিক্ষণ কেন্দ্র, ১টি ফ্যাশন ডিজাইন ইনস্টিটিউট এবং ২টি মার্কেট প্রমোশন সেন্টার স্থাপন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের পূর্ত নির্মাণ (প্রশিক্ষণ কেন্দ্র, সিরাজগঞ্জ) কাজের জন্য চেকের মাধ্যমে ৪০.০০ লক্ষ টাকা বরাদ্দ।

সূত্র: প্রকল্প পরিচালক, "৫টি বেসিক সেন্টারে ৫টি প্রশিক্ষণ কেন্দ্র, ১টি ফ্যাশন ডিজাইন ইনস্টিটিউট এবং ২টি মার্কেট প্রমোশন সেন্টার স্থাপন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্প, বাংলাদেশ তাঁত বোর্ড, কাওরান বাজার, ঢাকার স্মারক নং-২৪.০৫.০০০০.৫৪১.১৪.০২১.১৯-৫৭৪; তারিখঃ ২৫/০৬/২০২৩ খ্রি.

উপরোক্ত বিষয়ে বর্ণিত কাজের জন্য সূত্রস্থ স্মারক পত্রের মাধ্যমে প্রকল্প পরিচালক, "৫টি বেসিক সেন্টারে ৫টি প্রশিক্ষণ কেন্দ্র, ১টি ফ্যাশন ডিজাইন ইনস্টিটিউট এবং ২টি মার্কেট প্রমোশন সেন্টার স্থাপন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্প, কাওরান বাজার, ঢাকা কর্তৃক প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকার নিকট চেকের মাধ্যমে ন্যস্তকৃত ৪০.০০ লক্ষ (চল্লিশ লক্ষ) টাকার চেক যার নং-STB 2297071, তারিখঃ ২৫/০৬/২০২৩ খ্রি., রূপালী ব্যাংক লিমিটেড, টিসিবি ভবন কর্পোরেট ব্রাঞ্চ, ঢাকা হতে উত্তোলন করার জন্য প্রধান প্রকৌশলী মহোদয়ের এনডোর্সপূর্বক প্রেরণ করা হলো।

উক্ত চেকের অর্থ সকল প্রকার আর্থিক বিধি বিধান, নিয়মাচার ও আনুষ্ঠানিকতা পালনপূর্বক খরচ করতে হবে। চেক প্রাপ্তির স্বীকৃতি পত্র প্রাপ্তির ৭ দিনের মধ্যে এ দপ্তরে দাখিল করতে হবে। উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ অনুসরণ করতে হবেঃ

(১) এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে Public Procurement Act (PPA), 2006 এবং Public Procurement Rules (PPR), 2008 (সকল সংশোধনীসহ) অনুসরণপূর্বক অর্থ মন্ত্রণালয়ের সর্বশেষ পরিপত্রসহ অন্যান্য বিধানাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।

(২) প্রত্যাশী সংস্থার সহিত যোগাযোগ করে অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী কাজ সম্পাদন করতে হবে।

(৩) কাজ সম্পাদন করা হয়েছে মর্মে প্রত্যাশী সংস্থার নিকট হতে প্রত্যয়ন প্রাপ্তির পর চূড়ান্ত বিল পরিশোধ করতে হবে।

(৪) বরাদ্দকৃত অর্থের খরচের হিসাব এ দপ্তরে প্রত্যাশী সংস্থার নিকট প্রেরণ করতে হবে।

(৫) বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে কোন অনিয়ম উদ্ঘাটিত হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী দায়ী থাকবে।

সংযুক্তি- ৪০.০০ লক্ষ (চল্লিশ লক্ষ) টাকার একটি চেক।

(যার নং-STB 2297071, তারিখঃ ২৫/০৬/২০২৩ খ্রি.)